

# স্কুলে নাচ-গানের শিক্ষক নিয়োগ নিয়ে বিরোধ পরিহারের আহ্বান ৫১ নাগরিকের



ছবি-সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২২ সেপ্টেম্বর ২০২৫ | ১৮:৩৫ | আপডেট: ২২ সেপ্টেম্বর ২০২৫ | ১৯:৩১



প্রাথমিক বিদ্যালয়ে সঙ্গীত ও নাচের শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে সম্প্রতি তৈরি হওয়া বিতর্কে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন দেশের বিশিষ্ট ৫১ নাগরিক। তারা বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে নাচ-গানের শিক্ষক নিয়োগ বাতিলের দাবি অযৌক্তিক এবং

এটি জুলাই গণঅভ্যুত্থানের চেতনার পরিপন্থি।

সোমবার এক যৌথ বিবৃতিতে তারা বলেন, স্বাধীনতা-উত্তর বাংলাদেশে শিশুর মেধা ও মননের বিকাশে যেমন ধর্মীয় শিক্ষার প্রয়োজন রয়েছে, তেমনি সঙ্গীত ও নৃত্যকলারও অপরিহার্য ভূমিকা রয়েছে। শিশুরা সংস্কৃতি চর্চার মধ্য দিয়ে আধ্যাত্মিক সৌন্দর্য উপলব্ধি করতে সক্ষম হয় এবং বিশ্ব সংস্কৃতির সঙ্গে নিজেদের পরিচিত করতে পারে।

বিবৃতিতে উল্লেখ করা হয়, পৃথিবীর ইতিহাসে ইসলামি সভ্যতার সমৃদ্ধ সংগীতচর্চার ঐতিহ্য রয়েছে। গান ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে ইসলাম তার সৌন্দর্যের প্রকাশ ঘটিয়েছে, যা মানুষকে আকৃষ্ট করেছে। বাংলাদেশের শিশুদেরও তাদের নিজস্ব সাংস্কৃতিক ঐতিহ্যের সঙ্গে পরিচিত হওয়ার অধিকার রয়েছে। এক্ষেত্রে বাধা তৈরি করা হলে তার পরিণতি সুখকর হবে না।

নাগরিকরা আরও মনে করেন, প্রাথমিক বিদ্যালয়ে ধর্মশিক্ষক নিয়োগের দাবি মেনে নেওয়া যেতে পারে, তবে তার পাশাপাশি সঙ্গীত শিক্ষকদের বহাল রাখা জরুরি। একটিকে বাদ দিয়ে অন্যটিকে স্থাপন করলে শিশুদের বিকাশের পরিবেশ সংকীর্ণ হয়ে যাবে।

বিবৃতিতে সতর্ক করে বলা হয়, জুলাই অভ্যুত্থানের পর দেশকে ব্যর্থ রাষ্ট্র হিসেবে তুলে ধরতে পালিয়ে যাওয়া স্বৈরাচাররা সক্রিয়। অভ্যন্তরীণ বিভাজন তৈরি হলে তাদের ফিরে আসার পথ আরও সুগম হবে।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রয়েছেন—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক জি এইচ হাবীব, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ফাতেমা শুভ্রা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রায়হান রাইন ও মোস্তফা নাজমুল হাসান তমাল, মানবাধিকারকর্মী রেজাউর রহমান লেনিন, লেখক ও গবেষক পাভেল পার্থ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সৌভিক রেজা ও গোলাম সারওয়ার, খুলনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল ফজল, কবি ও লেখক নাহিদ হাসান, সাংবাদিক

ও কথাসাহিত্যিক এহসান মাহমুদ, প্রকাশক সাঈদ বারী, কথাসাহিত্যিক জিয়া হাশান, লেখক ও বিশ্লেষক তুহিন খান, রাজনৈতিক কর্মী বাকী বিল্লাহ, গবেষক মীর হুয়াইফা আল মামদূহ, কবি মৃদুল মাহবুব, সাংবাদিক সৈকত আমিন, সংগীতশিল্পী ইমামুল বাকের এপোলো, অভিনেতা সোহেল তৌফিক, সংগীতশিল্পী মহীন্দ্রনাথ রায়সহ আরও অনেকে।

বিবৃতিদাতারা স্কুলে নাচ-গানের শিক্ষক নিয়োগ নিয়ে অযথা বিরোধিতা না করে জাতীয় ঐক্যের স্বার্থে সঠিক পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানিয়েছেন।